(60)

P 4207 D 6111

भारतीय गैर न्यायिक

10000 रु. Rs.10000

10000 रु. Rs.10000

10000 रु. Rs.10000 दस हजार रुपये

10000 रु. Rs.10000 RUPEES TEN THOUSAND

10000 रु. Rs.10000

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

01AA 458046

BD-5560
92600
H-1023
dt 7.8.02

থানা - সোনারপুর, মৌজা জগন্নাথপুর।

জমি :- কমবেশী ১০ শতক।

প্রকৃত বিক্রয় মূল্য - ৮০০০০ টাকা।

সরকারী নির্ধারিত মূল্য - ৩০০০০০ টাকা।

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা।

=====================================================

Admissible under rule 21 duty
Stamped of 61 of L. R. Act under the Indian Stamp Act 1898 corrected upto 1974 Deficit IA No 23
Deficit A fee Rs-1023
Fees Rs 4/50 realised on 7.8.02 vide Misc Receipt No-307775- dt 7.8.02

Additional District Sub-Registrar
Sonarpur, South 24-Pgs
7.8.02

A = 3289/-
Fees paid
A fee Rs-3289-
paid on 7.5.02

Certified U/S 42 of the I. S. Act. That the deficit stamp duty of Rs 5560 is paid by Bank draft No 7422 dt 7.8.02 of S. B. I. 0135/868640-

A.D.S.R. Sonarpur & Collector of U/S 41 of the I.S. Act. 1899
7.8.02

কোবালা গ্রহীতা :----

=====================

আবদুল রউফ সরকার, পিতা মৃত হাকিম সরকার।

জাতি - মুসলমান, পেশা - ব্যবসা।

সাং জগন্নাথপুর, পোঃ আর, কে, পল্লী, থানা সোনারপুর

জেলা - দক্ষিণ ২৪ পরগনা॥

Sub-rule (3) of the W. B. (Prevention of under valuation of instruments) Rules 1994 Market value assessed at Rs 3,92,600/- and deficit stamp duty of Rs 5560/- payable

7.5.02

Additional District Sub-Registrar
Sonarpur, South 24 Pgs.

**********************************************************

INDIA NON JUDICIAL

10000 ₹

Sl. No. 3034

Sold to Abdul Rout Sarkar

of Jagannathpur ... Izzatpur ... 24/2/12

Calcutta Collectorate,

Treasury

Date 30/4/02

10000
3000
3000
18000

Presented for registration at 12.30 A.M./P.M.

on the 7th day of May 2002

at the Sonarpore Addl. Dist. Sub-Registry office

by Renuka Ghosh Claiment Executant

রেণুকা ঘোষ

Addl. District Sub-Registrar
Sonarpur, South 24-Pgs
7 MAY 2002

5172

— রেণুকা ঘোষ

Ide

Renuka Ghosh
D/o Lt. Mihir Ghosh
Ajoy Nagar Kasba

S/o. w/o

Town—Sonarpore
Dist. South 24 Parganas
by Caste Hindu/Muslim
by Profession Busines/Service H/W,

Ide

Pabitra Das
S/o Lt. Nani Lal Das

S/o. w/o 198, Green Park

Town—Sonarpore
Dist. South 24 Parganas
by Caste Hindu/Muslim
by Profession Busines/Service

লিখিত
তিতাস মাহমুদ
সাং. ...
পো. ...
২৪ পরগনা (দক্ষিণ)
...

Addl. District Sub-Registrar
Sonarpur, South 24-Pgs
7 MAY 2002

5000Rs.




(২)

কোবালা দাতা :---
==================

শ্রীমতী রেনুকা ঘোষ। স্বামী মিহির কুমার ঘোষ।
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী। সাং ৩১এ, গ্রীনপার্ক --
দক্ষিণ কুমড়াখালি, থানা সোনারপুর, জেলা দক্ষিণ ২৪ --
পরগনা ॥

*************************************************************

কস্য আমার নিজ নামিয় খরিদা রায়ত দখলী স্বত্ব -
বিশিষ্ট স্বত্বের সর্বপ্রকার হস্তান্তর যোগ্যের জমি জমা যায় যাবতীয় -
ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পূর্ণ নির্দায় নির্দোষ পরিস্কার
অবস্থায় বিক্রয়ের নিঃস্বত্ব সাফ কোবালা পত্রমিদং কার্য্যাঞ্চাগে :-----

1000Rs.




(৩)

জেলা দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাডি: সাবরেজিষ্ট্রী অফিস - সোনারপুর এলাকাধীন পরগনা মেদনমল্ল, মৌজা জগন্নাথপুর গ্রামে অবস্থিত জে:এল:নং ৫১, অধুনা রাজপুর সোনারপুর পৌরসভার অন্তর্গত নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত হাল ২০০ নং খতিয়ান, হলকা ৭৫০ নং খতিয়ান, হাল ৪৫৯ নং দাগ, যাহা হলকা ৫০০ নং দাগে শালি ৩৫ শতক জমির মধ্যে আমার খরিদা অংশগত ও রেকর্ডীয় দাগের দক্ষিণ দিক হইতে কমবেশী ১০ শতক পরিমিত জমি জমা এত্র কোবালার দ্বারা বিক্রীত সম্পত্তি হইতেছে।

উক্ত বিক্রীত জমি সহ আরো অন্যান্য জমি জমার -- তৎকালীন মালিক ও স্বত্বাধিকারী সাং জগন্নাথপুর নিবাসী মোসাম্মাৎ আফরোজা খাতুন, স্বামী মোহাম্মদ আবদুল মুজিদ সরকার মহাশয়ার বহুকালের স্বত্ব ও দখলীয় সম্পত্তি থাকে। অত:পর উক্ত মোসাম্মাৎ আফরোজা খাতুন অর্থের -- অভাবে উক্ত হাল ৪৫৯ নং দাগের ৩৫ শতক জমির মধ্যে দক্ষিণ দিক হইতে -

1000Rs.






চিহ্নিতরূপে ০১ শতক জমি বিক্রয় করিতে চাহিলে আমি এত্র কোবালা দাত্রী বিগত ইংরাজী ৮/১১/১৯৭১ সাল তারিখে সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে -- রেজিষ্ট্রীকৃত বুক নং ১, ভল্যুম নং ৪৫, পাতা ৩৩ হইতে ৩৫ নং পাতায় লিপিবদ্ধ ৩১২৮ নং একক্তো খরিদা দলিল দ্বারা খরিদ করিয়া মালিক -- সরকারে নিজ নাম পত্তনে খাজনাদি ও ট্যাক্সাদি আদায়ে ভোগ দখলীকার থাকাবস্থায় বর্তমান এল,আর বা হলকা জরিপে উক্ত খরিদা জমি আমার -- নামে হলকা ৭৫০ নং খতিয়ানে হলকা ৫০০ নং দাগে ৩৫ শতক জমির মধ্যে ১০ শতক জমি নিজ নামে রেকর্ডভুক্ত করাইয়া অন্যের বিনা সত্ত্বে নির্বিবাদে খাসে ভোগ দখলীকার আছি । উহাতে আমার বিক্রয়যোগ্য উত্তম স্বত্ব ও -- অধিকার আছে ।

বর্তমানে আমার অন্যত্র সম্পত্তি খরিদ করিবার জন্য ও অন্যান্য বৈধ কারনে নগদ অর্থের আবশ্যক হওয়ায় উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত ১০ শতক জমি জমা বর্তমান বাজারোচিত সর্বোচ্চ্য মূল্য বেলমোক্তা ৮০০০০.০০ আশি

(64)

1000Rs.

INDIA NON JUDICIAL

১০০০রু.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

(৩)

হাজার টাকায় বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি অত্র কোবালার ক্রেতা আমার প্রস্তাবিত মূল্যে উক্ত সম্পত্তি খরিদ করিতে স্বীকৃত হইলে আমি অদ্য আপনার নিকট হইতে মূল্যের সাকুল্যে ৮০০০০ আশি হাজার টাকা নিয়মমত গ্রহন করত: উক্ত জমি জমা আপনাকে চিরতরে বিক্রয় করিলাম ও বিক্রীত সম্পত্তিতে আপনাকে খাস দখল দিয়া স্বীকার, অঙ্গীকার ও ঘোষনা করিতেছি যে, আপনি অদ্য হইতে নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে -- আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলীকার হইয়া মালিক - সরকারে আপনার নিজ নাম খতনে ও নিরূপীত খাজনাদি ও ট্যাক্সাদি আদা দান, বিক্রয়, বন্ধক গৃহাদি নির্ম্মান ইত্যাদি সর্বপ্রকারের হস্তান্তর ও রূপান্তর করনের ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে পরম - সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমি বা আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে কস্মিনকালে কোন প্রকার ওজর আপত্তি বা দাবি, দাওয়া করিতে পারিব না বা পারিবেক না। করিলে ও তাহা সর্বত্র ও সর্বাদালতে

অগ্রাহ্য, বাতিল ও নামঞ্জুর হইবে। নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, স্বার্থ ও সম্পর্কাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে আমার চিরতরে রদ ও রহিত হইয়া আপনাতে সম্পূর্ণরূপে বর্তাইল ও অর্পিল। আপনি অদ্য হইতে উহাতে একমাত্র মালিক ও স্বত্বাধিকারী হইলেন ।

নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি ইতিপূর্বে কাহাকে ও দান, বিক্রয়, বন্ধক বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে আমার অপর কোন শরীক বা অংশীদার নাই বা কাহাকে ও বিক্রয় করিবার জন্য লিখিত বা মৌখিক চুক্তি করি নাই বা অগ্রিম অর্থ গ্রহন করি নাই বা কোন ব্যাংক বা অর্থকরী সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানে দেনার দায়ে আটক বা আবদ্ধ নাই বা অন্য কোনভাবে দায়যুক্ত নাই বা উহাতে কোন মামলা মোকর্দ্দমা জড়িত নাই । এবং ইতিপূর্বে উক্ত সম্পত্তির জন্য কোন লীজ বা ভাড়া বিলি বা দীর্ঘমেয়াদী বা স্বল্প মেয়াদী ভাড়া বা লীজ বিলি করি নাই বা উইলপত্র সম্পাদন করি নাই বা সরকার কর্তৃক ল্যান্ড এ্যাকুইজিশান, রিকুইজিশান, নিলাম বা ভেষ্ট হয় নাই । সম্পূর্ণ নির্দায় নির্দোষ ও পরিস্কার ও আমার খরিদা জমি জমা আপনাকে বিক্রয় করিয়া ও দখল দিয়া আমি চিরতরে নিঃস্বত্ব ও বেদখলীকার হইলাম ।

প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তিতে যদি ভবিষ্যতে আমার কৃত কোন দায় থাকা বা বিক্রয়যোগ্য স্বত্ব না থাকা বা কোন মিথ্যা বা তঞ্চকতা থাকা প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্ব ও দখলের কোনরূপ ক্ষতি হইলে তৎজন্য আমি দায়ী থাকিলাম ও আপনার যাবতীয় ক্ষতিপূরন দিতে আমি ওয়ারিশান গনক্রমে সর্বদা বাধ্য থাকিলাম ।

আর ও প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে অত্র দলিলের কোন অংশে কোন - প্রকার ভুল ত্রুটি থাকা প্রকাশ পাইয়া আমার দ্বারা কোন সংশোধনী বা পরিপূরক দলিল সম্পাদনের আবশ্যক হইলে তাহা ও আমি আমার অবর্তমানে আমার ওয়ারিশান গনক্রমে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে সর্বদা বাধ্য ও সম্মত রহিলাম ও রহিবেক।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বজ্ঞানে অত্র দলিল পাঠ করিয়া মর্ম্ম সম্যক অবগত হইয়া উপরি লিখিত সকল সর্ত্তে আমি ওয়ারিশান গনক্রমে বাধ্য থাকিয়া পনের সাকুল্য টাকা নগদ গ্রহন করত: অত্র কোবালা স্বাক্ষীগনের সম্মুখে যথারীতি সহি সম্পাদনকরিয়া দিলাম। ইতি -- তারিখ বাংলা ১৪০৯ সনের ২৩শে বৈশাখ।ইংরাজী ২০০২ সালের ৭ই মে।

তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় ।

জেলা- দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাডি: সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন পরগনা মেদনমল্ল, মৌজা জগন্নাথপুর গ্রামে অবস্থিত রাজপুর --- সোনারপুর পৌরসভার অংতর্গত রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগনা কালেকটার বাহাদুর অধীনে - জে:এল:নং ৫১ । রে, সা, নং ৪৪ , তৌজি নং২৭৯ -- ভুক্ত। হাল -- ২০০ (দুই) শত নং খতিয়ানভুক্ত একজমায় ৪০০ শতক জমির বার্ষিক খাজনা -- ১৮।।৵৬ পাই জমার মধ্যে বিক্রীত ১০ শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ৪২ পয়সা জমা। যাহার বর্তমান এল, আর বা হলকা খতিয়ান ৭৫০ নং ভুক্ত ।

হাল - ৪৫৯ (চার শত উনষাট) নং দাগ, যাহা এস, আর বা হনকা ৫০০ পাঁচ শত নম্বর দাগে শালি ৩৫ শতক জমির মধ্যে দাগের দক্ষিণ দিক হইতে আমার খরিদা ও রেকর্ডিয় কমবেশী - ১০ (দশ) শতক পরিমিত জমি জমা অত্র কোবালার দ্বারা বিক্রীত সম্পত্তি হইতেছে। মূল্য - ৮০০০০ টাকা ।

পনের টাকার জায় ।

অদ্য তারিখে নোটে ও নগদে ৮০০০০.০০ আশি হাজার টাকা - বুঝিয়া পাইয়া প্রাপ্ত স্বীকার করিলাম ।

মুসাবিদাকারক :--

লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক

আবদুল রসিদ হালদার।

লাইসেন্স নং ৩১।১৫

সোনারপুর এ্যাডিঃসাবরেজিষ্ট্রী অফিস ।

---

টাইপকারক :---

সোনারপুর এ্যাডিঃসাবরেজিষ্ট্রী অফিস ।

ইসাদি :----

1)

2)

69

Book No. I
Volume No. 102
Pages 396 to 402
Being No. 6111
For the Year 2002

Additional District Sub-Registrar
Sonarpur, South 24-Pgs
8/8/2002